DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Sep 2026, 12:55 PM

আইন-আদালত

মধ্যস্থতার মাধ্যমে মামলাজট কমিয়ে দ্রুত ন্যায়বিচার নিশ্চিত করা সম্ভব: আইনমন্ত্রী

প্রতিবেদক: gmabusay
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM

মধ্যস্থতা (মেডিয়েশন) ব্যবস্থার কার্যকর প্রয়োগের মাধ্যমে দেশের আদালতে বিচারাধীন প্রায় ৪৫ লাখ মামলার জট উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান।

শনিবার (১ আগস্ট) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে ‘ন্যায়বিচারে প্রবেশাধিকার বৃদ্ধির লক্ষ্যে মধ্যস্থতা এবং দেওয়ানি মামলা পরিচালনা পদ্ধতির উন্নয়ন’ প্রকল্পের আওতায় আয়োজিত দুই দিনব্যাপী ‘বেসিক মেডিয়েশন ট্রেনিং ফর লিগ্যাল প্রফেশনালস’-এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, মধ্যস্থতা বিরোধ নিষ্পত্তির এমন একটি কার্যকর পদ্ধতি, যা বিচারপ্রার্থীদের সময়, অর্থ ও মানসিক ভোগান্তি কমিয়ে দ্রুত ও সাশ্রয়ী ন্যায়বিচার নিশ্চিত করতে পারে। সরকারের অগ্রাধিকার হলো দরিদ্র, প্রান্তিক ও সুবিধাবঞ্চিত মানুষের জন্য ন্যায়বিচার নিশ্চিত করা

এবং আইনগত সহায়তা অধিদপ্তরের মাধ্যমে সে লক্ষ্যেই কাজ চলছে।

তিনি বলেন, মধ্যস্থতাকারীদের কেবল আইনগত জ্ঞান থাকলেই হবে না; মানবিকতা, ধৈর্য, প্রজ্ঞা ও আস্থাভিত্তিক সমাধান তৈরির সক্ষমতাও থাকতে হবে। এ সময় তিনি অংশগ্রহণকারীদের জাপানের Justice with a Smile বইটি পড়ার আহ্বান জানান।

আইনমন্ত্রী বলেন, দীর্ঘ বিচারিক প্রক্রিয়ায় মানুষের সময়, অর্থ ও শ্রমের অপচয় হয়। পাশাপাশি মানসিক চাপও বাড়ে। তাই হত্যা ও অন্যান্য গুরুতর আমলযোগ্য অপরাধ ছাড়া অধিকাংশ বিরোধ আলোচনার মাধ্যমে নিষ্পত্তির সংস্কৃতি গড়ে তোলা প্রয়োজন।

তিনি আরও জানান, প্রকল্পের আওতায় সর্বোত্তম কর্মদক্ষতা প্রদর্শনকারী একজন নারী ও একজন পুরুষ মধ্যস্থতাকারীকে উন্নত প্রশিক্ষণের জন্য জাপানে পাঠানো হবে।

অনুষ্ঠানে জাপান সরকার, জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান আইনমন্ত্রী। একই সঙ্গে বাংলাদেশ ও জাপানের মধ্যে সহযোগিতা আরও জোরদারের প্রত্যাশা ব্যক্ত করেন।

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয় ও জাইকার যৌথ উদ্যোগে বাস্তবায়িত এ প্রকল্পের সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মো. খাদেমউল কায়েস। এতে বক্তব্য দেন জাইকা বাংলাদেশের প্রধান প্রতিনিধি জুনকো তাকাহাশি, জাপানের বিচার মন্ত্রণালয়ের আন্তর্জাতিক সহযোগিতা বিভাগের উপমহাপরিচালক কাজুনোরি নোসে এবং আইনগত সহায়তা অধিদপ্তরের মহাপরিচালক মো. মনজুরুল হোসেন।

দুই দিনব্যাপী প্রশিক্ষণে দেশের বিভিন্ন জেলার জেলা লিগ্যাল এইড অফিসার ও জেলা জজ আদালতে কর্মরত আইনজীবীসহ ৪০ জন অংশগ্রহণ করেন।

এ বিভাগের আরও খবর

আ. লীগের কার্যক্রম নিষিদ্ধের প্রজ্ঞাপনের বৈধতা চ্যালেঞ্জের রিট খারিজ

আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের প্রজ্ঞাপনের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিট উত্থাপিত হয়নি মর্মে খারিজ করে দিয়েছেন হাইকোর্ট।রোববার (১৩ সেপ...



ড. ইউনূসের গ্রামীণ কল্যাণকে ৬৬৬ কোটি টাকা কর দিতে হবে: হাইকোর্ট

ড. মুহাম্মদ ইউনূসের মালিকানাধীন গ্রামীণ কল্যাণকে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) দাবি করা ৬৬৬ কোটি টাকা কর পরিশোধ করতে হবে বলে রায় দিয়েছেন হাই...

হাসিনাসহ মৃত্যুদণ্ডপ্রাপ্তদের আপিলের সময় শেষ: চিফ প্রসিকিউটর

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেছেন, শেখ হাসিনাসহ মৃত্যুদণ্ডপ্রাপ্ত যেসব আসামি রায়ের ৩০ দিনের মধ্যে আপিল...

ইসলামী ব্যাংকে এস আলমের ৮১.৯২ শতাংশ শেয়ার ফ্রিজের নির্দেশ হাইকোর্টের

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসিতে এস আলম গ্রুপ-সংশ্লিষ্ট ৮১ দশমিক ৯২ শতাংশ শেয়ার ফ্রিজ বা অবরুদ্ধ রাখার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।ইসলামী ইকোনমি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/law-court/mdhjsthtar-madhjme-mamlajt-kmiye-drut-njaybichar-nishchit-kra-smbhb-ainmntri